

১. বড়দের জন্য সেলিনা হোসেনের প্রকাশিত উপন্যাস কয়টি?
২. কাকতাদুয়া সেজে কাঠফাটা রোদে দাঁড়িয়ে থাকলে বুধার মাথায় কিসের ছায়া নেমে আসে?
৩. বুধার ছিটানো ভাতগুলো কারা খায়?
৪. বুধারা কয় ভাই বোন?
৫. যুদ্ধ চলাকালে গাঁয়ে কোন কমিটি গঠন করা হয়েছিল?
৬. পোড়া বাজারের দিকে তাকিয়ে বুধার কী হয়?
৭. জীবনের সমগ্রতা প্রতিফলিত হয় কীসে?
৮. বুধা ও ফুলকলি কার বাড়িতে গিয়ে পান্তা খায়?
৯. মুড়ি ভাজে কে?
১০. উপন্যাসের চর্চা হয় কত বছর ধরে?
১১. শাহাবুদ্দিন বুধাকে কী দায়িত্ব দিয়েছিলেন?
১২. বুধার চাচাতো ভাই-বোন কত জন?
১৩. 'কেয়ামত' কোন ভাষার শব্দ?
১৪. বুধাকে কার কাছে মুরব্বি মনে হয়?
১৫. আলির মতে-কী খেলে বুধার পেট ভরে?
১৬. একটি উপন্যাসের শব্দ সংখ্যা কমপক্ষে কত হওয়া বাঞ্ছনীয় বলে মনে করেন ইএম ফস্টার?

দশ বছরের দিনু দেখে, মিলিটারিদের ভয়ে গ্রামের মানুষ পালাচ্ছে। মিলিটারিরা যাকে যেখানে পায়, শেয়াল-কুকুরের মতো হত্যা করে। মুক্তিযুদ্ধ শুরু হয়ে গেছে। কিন্তু মুক্তিযুদ্ধ কী, তা দিনু বোঝেই না। তবে সে এটা বুঝেছিল, ঐ মিলিটারিরা বিদেশি, বাংলাদেশের মানুষ নয়। ওদের বিরুদ্ধে লড়াই করাটা জরুরি। তাই সে মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ে।

ক) বুধারা কয় ভাইবোন?

খ) বুধা সেনাবাহিনীর ক্যাম্প পেয়ারা নিয়ে গিয়েছিল কেন?

গ) 'কাকতাদুয়া' উপন্যাসের কোন চরিত্রটি উদ্দীপকের দিনু চরিত্রে প্রতিফলিত হয়েছে - ব্যাখ্যা করো।

ঘ) "উদ্দীপকের দিনু ও 'কাকতাদুয়া' উপন্যাসের মূল চরিত্রটি মুক্তিযুদ্ধের একই চেতনার প্রতিনিধিত্ব করেছে।" উক্তিটির যথার্থতা যাচাই করো।